# পরিচালনা পর্ষদের প্রতিবেদন
# Report of the Board of Directors

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামু আলাইকুম। সফকো স্পিনিং মিলস্ লি: এর ২২তম বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের সদয় উপস্থিতি এবং সার্বিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমি সবাইকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আমি এই সাথে ৩০ জুন ২০১৬ইং সমাপ্ত ১৮ মাসের নিরীক্ষকের প্রতিবেদন সহ নিরীক্ষিত হিসাব ও কোম্পানীর বাৎসরিক কার্যক্রমের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন উপস্থাপন করছি।

শিল্প সম্পর্কিত অবহিতি:

সফকো স্পিনিং মিলে উৎপাদিত বিভিন্ন কাউন্টের সূতা স্থানীয় বুনন ও পোষাক শিল্পে নিয়মিত ব্যবহৃত হয়। ১৯৯৬ সনে উৎপাদনে যাওয়ার পর থেকে চাহিদা মত নিয়মিতভাবে আমরা স্থানীয় বাজারে আমাদের উৎপাদিত সূতা সরবরাহ করে আসছি। বর্তমানে দেশে স্থানীয় ভাবে ব্যবহার উপযোগী সূতা উৎপাদনকারী মিলের সংখ্যা অনেক। অনেক পুরানো মিল বি এম আরই করে এবং নূতন ভাবে উন্নত প্রযুক্তি সম্পন্ন মেশিনারী দ্বারা আধুনিক মিল প্রতিষ্ঠা করে অনেকে স্থানীয় বাজারের সূতা সরবরাহ করে আসছে। ফলে বাজারে উন্নত গুনগত মান সম্পন্ন সূতা ছাড়া অন্যান্য সূতার চাহিদা এবং মূল্যমান কম।

দীর্ঘদিন ব্যবহারে আমাদের মিলের পুরানো মেশিনগুলির কার্যক্ষমতা ও উৎপাদনশীলতা প্রচন্ডভাবে হ্রাস পেয়েছে। ফলে বিগত বছরে আমাদের উৎপাদন যথেষ্ট কমে গেছে। এছাড়া গুণগত মানের অবনতি হওয়ায় বাজারে বিক্রয় মূল্যও কমে গেছে। গত ২১তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে অবহিত করেছিলাম যে, আগামী বৎসর গুলোতে কোম্পানীর উৎপাদন ও মুনাফা যথেষ্ট কমে যাওয়ার সম্ভাবনা আছে। গত জুলাই ২০১৫ইং হইতে পুরানো মেশিনের এবং মিলের বিভিন্ন যান্ত্রিক সুবিধা সম্বলিত স্থাপনা সমুহে সংস্কারের কাজে হাত দেওয়া হয়েছে। পুরানো মেশিন এবং স্থাপনার সংস্কারের কাজের জন্য মিলের উৎপাদনের স্বাভাবিক কার্য্যক্রম ও বেশ কিছুটা বাধাগ্রস্থ হয়ে থাকে। এ সকল কারনে মিলের উৎপাদন ও কিছুটা কমে গেছে। বি,এম,আরই কাজ এখনো অব্যাহত আছে। ২০১৬ সনের শেষ দিক নাগাদ এ সকল কাজ সম্পন্ন হয়ে গেলে পর আগামী বছরে উৎপাদনের বেশ কিছু উন্নতি ঘটবে বলে আমরা আশা করি। বর্তমান এ পরিস্থিতিতে বিভিন্ন ধরনের সমস্যা মোকাবিলা করে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সুদক্ষ পরিচালনায় এবং কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের ঐকান্তিক প্রচেষ্টায় এবং আপনাদের মূল্যবান পরামর্শ অনুযায়ী কাজ করে প্রতিকুল অবস্থার মাঝেও উৎপাদন সচল রেখে এবং বিক্রয়ের ধারা চালু রেখে এ চলতি বছরেও কোম্পানী মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছে যদিও তাহা পূর্বের মত আশানুরূপ হয় নাই।

**শিল্পের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা:**

**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ:**

আপনারা অবগত আছেন যে, দীর্ঘ ১৮ বৎসরের পরের পুরানো মেশিনারীজ এর কর্মদক্ষতা কমে যাওয়ায় আমরা ২০১৪ সনে রাইট শেয়ার ইস্যুর মাধ্যমে বিএমআরই করার চেষ্টা করি কিন্তু ব্যর্থ হই যাহা ২১তম বার্ষিক সাধারণ সভায় অবহিত করা হয়। গত এজিএম এ আমরা বলেছি যে, প্রয়োজনীয় আর্থিক সহাতায়তার জন্য আমরা বিভিন্ন ব্যাংকের সহযোগিতা কামনা করেছি। এই প্রচেষ্টারই ফলশ্রুতিতে আমরা এন,আর,বি, ব্যাংক লিঃ থেকে প্রায় ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার ঋণ মঞ্জুরী পেয়েছি। মঞ্জুরীকৃত ঋণের ছক নিম্নে দেওয়া হল ঃ-

| | |
|---|---|
| সোনালী ব্যাংকের ঋণ পরিশোধ বাবদ | টাকা ২২,০০,০০,০০০.০০ |
| মেশিনারী আমদানী ও লোকাল মেশিনারী ক্রয় বাবদ | টাকা ২১,০০,০০,০০০.০০ |
| চলতি মূলধন বাবদ | টাকা ৭,০০,০০,০০০.০০ |
| **মোট:** | **টাকা ৫০,০০,০০,০০০.০০** |

এন আর বি ব্যাংক হতে প্রাপ্ত আর্থিক মঞ্জুরী হতে কিছু সংখ্যক পুরানো স্পিনিং ফ্রেইমের জায়গায় ২০,০০০ স্পিন্ডেলের ৪০টি নূতন স্পিনিং ফ্রেইম এবং ৩৬০ ড্রামের ৫টি নূতন অটোকোন, তিনটি কমপ্রেসার আমদানী করা হয় যাহার স্থাপনার কাজ বর্তমানে চলছে। এর সাথে প্রয়োজনীয় স্লাইভারকেন, সিমপ্লেক্স ববিন এবং রক্ষণাবেক্ষণ কাজের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। এছাড়া পুরানো স্পিনিং ফ্রেইম এবং ব্যাক প্রসেসের কিছু কিছু মেশিনের প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয় করে সে সকল মেশিনের বিএমআরইর কাজ শুরু করা হয়। নূতন মেশিন বসানো এবং বিএমআরই এর কাজ গত জুলাই-আগষ্ট ২০১৫ইং থেকে শুরু হয়েছে যাহা এখনো চলছে। পুরাতন মেশিনের উৎপাদনশীলতা হ্রাস পাওয়ায় এবং বিএমআরই কাজের জন্য প্রতিনিয়ত কিছু কিছু মেশিন বন্ধ থাকায় ২০১৫ সনে উৎপাদনে অনেক ঘাটতি হয়েছে। ২০১৬ এর শেষ দিকে এই কাজগুলি শেষ হওয়ার পর মিলের উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পাবে এবং গুনগতমানও বাড়বে। কিন্তু বাকী অনেক পুরানো মেশিনের পরিবর্তন ও পূন:সংস্কার করা প্রয়োজন যাহা এখনো বাকী। এছাড়া মিলে ব্লু রুম সহ আরো অনেক পুরানো মেশিন রয়ে গেছে যাহার অনেক গুলির সংস্কার প্রয়োজন এবং অনেকগুলির পরিবর্তন প্রয়োজন। এক সাথে প্রয়োজনীয় সারা মিলের মেশিনারীর সংস্কার এবং প্রয়োজনীয় সকল পুরানো মেশিনের পরিবর্তে নতুন মেশিন ক্রয় করতে বিপুল পরিমান অর্থের প্রয়োজন যাহা জোগার করা সম্ভব পর ছিল না এবং এ সকল কাজ এক সাথে করতে গেলে মিল এক বৎসর হতে দেড় বৎসরকাল সম্পূর্ণ বন্ধ রাখার প্রয়োজন হত যাহা অবাস্তব ও যুক্তিসঙ্গত নয় বিধায় এ বৎসর আংশিকভাবে বিএমআরই করা হয়।

নতুন মেশিনের সংযোজন সহ বাকী মেশিনের বিএমআরই কাজ গুলো সম্পন্ন হওয়ার পরেই কেবল মিলের উল্লেখযোগ্য উন্নতি হবে এবং উল্লেখযোগ্য উৎপাদন বাড়বে বলে আমরা মনে করি। তাই আগামী বৎসরেও কোম্পানী উল্লেখ করার মত কোন লাভ করতে পারবে না বলে ধারনা করি।

আগামী বৎসর গুলিতে ব্যাংকের আর্থিক সহায়তা নিয়ে একটি আধুনিক ব্লু রুম, ড্র ফ্রেইম ও কয়েকটি নূতন স্পিনিং ফ্রেইম দ্বারা পুরাতন গুলির পরিবর্তন করতে হবে এবং নূতন একটি বিদ্যুৎ জেনারেটর ক্রয় করে বর্তমান ২টি পুরানো জেনারেটর এর সাথে সংযোজন করে বিদ্যুৎ সরবরাহ সুসংহত করতে হবে। এ সকল মেশিন সংগ্রহ করে পুরানো মেশিনের স্থলে প্রতিস্থাপন করা সহ বাকী বিএমআরই কাজ সম্পন্ন করলে পর মিলের উল্লেখযোগ্য উন্নতি ঘটবে এবং মিল সত্যিকার লাভজনক প্রতিষ্ঠানে পরিনত হবে বলে আমা বিশ্বাস করি। এ সকল ব্যাপারে সম্মানিত শেয়ারহোল্ডাবৃন্দের সহযোগিতা ও সুপরামর্শ কামনা করি।

**খাতওয়ারী অথবা পণ্যভিত্তিক ফলাফল:**

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং- ২০ এ খাতওয়ারী অথবা পণ্যভিত্তিক ফলাফল বর্ণনা করা হয়েছে।

**ঝুকি ও উদ্বিগ্নতাসমূহ:**

আমাদের দেশে বিভিন্ন পরিবেশগত কারণে এবং রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতির কারণে অন্যান্য অনেক শিল্পের মত টেক্সটাইল সেক্টরের সকল শিল্পকেও ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্য দিয়ে চলতে হয়। যেহেতু সূতা উৎপাদনকারী মিল হিসাবে সফকো স্পিনিং মিলের উৎপাদন সরাসরি এর কাঁচামাল তুলা ও পলিয়েষ্টার ফাইবার প্রাপ্তির সাথে নির্ভরশীল। তুলা একটি কৃষিজাত পণ্য হওয়ায় এবং তুলা ও পলিয়েষ্টার ফাইবার উভয়ই আমদানীতব্য কাঁচামাল বিধায় এর মূল্য আন্তর্জাতিক বাজারে যে কোন সময় পরিবর্তনশীল, সেহেতু মিলের উৎপাদন ও লাভ লোকসান আমদানীকৃত কাঁচামালের মূল্য তারতম্যের কারণে ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে থাকে। এ ছাড়া বিদ্যুৎ ঘাটতি, চরম রাজনৈতিক অস্থিতিশীলতার ফলশ্রুতিতে মিলের উৎপাদন বিঘ্নিত হতে পারে এবং তহবিল ব্যয় বেড়ে যেতে পারে। শিল্প খাতে বিদ্যুৎ ও গ্যাসের মূল্য ক্রমাগত বাড়ছে। এ ছাড়া শ্রমিক কর্মচারীদের বেতন ভাতা বছরে বছওে বাড়ছে। শিল্পের ঝুঁকি ও উদ্বিগ্নতাসমূহ সরকারের গৃহিতব্য নীতি নির্ধারনের উপরও যথেষ্ট মাত্রায় নির্ভরশীল। এমতাবস্থায় অন্যান্য স্পিনিং মিলের মত সফকো স্পিনিং মিলকেও এ সকল ঝুঁকি ও অনিশ্চয়তাকে অপরিহার্য্য হিসেবে বিবেচনা করেই এগিয়ে যেতে হবে।

**বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষণ, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা :**

| বিবরণ | ৩০ জুন, ২০১৬ | ৩১ ডিসেম্বর, ২০১৪ (পুনর্নির্ধারিত) |
|---|---|---|
| বিক্রিত পণ্যের ব্যয় | ৪৩০,০৩৩,৫৩১ | ২৮৪,৩৬৭,০২৯ |
| মোট মুনাফা | ৮৫,৫৬৬,৪৮৬ | ৭২,২৬৪,৩০৮ |
| নীট মুনাফা | ২০,৬৯৯,৭৬৫ | ২৮,১৫৪,০৯৬ |

**অস্বাভাবিক লাভ বা ক্ষতি :**

এ বৎসর বাস্তবিক প্রাপ্ত কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি নেই।

**আন্ত:সম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহ :**

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ২৬ এ আন্ত:সম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহ বর্ণনা করা হয়েছে।

**পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হতে প্রাপ্ত তহবিলের ব্যবহার:**

এ বছর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হয় নাই।

**ইনিশিয়াল পাবলিক অফারিং (আইপিও), রিপিট পাবলিক অফারিং (আরপিও), রাইট অফার, ডাইরেক্ট লিস্টিং ইত্যাদি থেকে অর্থ বা তহবিল প্রাপ্তির পর কোম্পানীর আর্থিক অবস্থা:**

ইনিশিয়াল পাবলিক অফারিং (আইপিও) সম্পন্ন হয়েছে ১৯৯৮ সালে। পরবর্তীতে কোন রেপিট পাবলিক অফারিং (আরপিও), রাইট অফার, ডাইরেক্ট লিস্টিং ইত্যাদি করা হয় নাই।

**বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে পার্থক্য :**

বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে উল্লেখযোগ্য কোন পার্থক্য নেই।

**স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক :**

বার্ষিক প্রতিবেদনের হিসাবের নোট নং ২৬ এ স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক বর্ণনা করা হয়েছে।

**আর্থিক প্রতিবেদনের উপর পরিচালকগণের বিবৃতি :**

ক) সফকো স্পিনিং মিলস্ লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানীর আর্থিক অবস্থা, কার্যক্রমের ফলাফল, নগদ প্রবাহ এবং মূলধনের পরিবর্তন সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে।

খ) কোম্পানীর হিসাব বহি সমূহ যথাযথ ভাবে সংরক্ষণ করা হয়েছে।

গ) আর্থিক বিবরণী প্রস্থতিতে যথোপযুক্ত হিসাবনীতি সমূহ ধারাবাহিক ভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাব গত পরিমাপক সমূহ যুক্তিযুক্ত ও বিচক্ষণ সিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত।

ঘ) ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড (আইএএস) যা বাংলাদেশে প্রযোজ্য তা অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তা যথাযথ ভাবে প্রকাশ করা হয়েছে।

ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুসংহত কার্যকর ভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা হয়েছে।

চ) কোম্পানীর চলমান অস্তিত্বের সামর্থ্যের ক্ষেত্রে কোনরূপ তাৎপর্যপূর্ণ সন্দেহের অবকাশ নাই।

**গত বৎসরের পরিচালনগত ফলাফলের সাথে চলতি বৎসরের ব্যবধান :**

গত বৎসরের পরিচালনাগত ফলাফলের সাথে চলতি বৎসরের কোন উল্লেখযোগ্য ব্যবধান নাই।

**পূর্ববর্তী পাঁচ বৎসরের মূখ্য পরিচালন এবং অর্থনৈতিক উপাত্তের তুলনামূলক চিত্র তুলে ধরা হল :**

| বিবরণ | ২০১৫-২০১৬ | ২০১৪ (পুনঃনির্ধারিত) | ২০১৩ | ২০১২ | ২০১১ |
|---|---|---|---|---|---|
| টার্ণ ওভার | ৫১৫,৬০০,০১৭ | ৩৫৬,৬৩১,৩৩৭ | ৩৪৮,৮৭২,১২১ | ৩৪৭,৬৬১,৪৩৯ | ৩৪৬,৮৬৫,৩৮২ |
| মোট মুনাফা/(ক্ষতি) | ৮৫,৫৬৬,৪৮৬ | ৭২,২৬৪,৩০৮ | ৬০,৯৯০,৬৪৮ | ৫৯,৭৬৯,১৪৮ | ৬৪,৬৮৪,৯৪৬ |
| কর পূর্ববর্তী নীট মুনাফা/(ক্ষতি) | ২৩,৫৫৮,২৯৯ | ৩৮,৬১২,৩৬২ | ৩১,৫৫৬,৪২২ | ২৫,১০৪,৬৭৩ | ২২,৯৬৭,৮৭৩ |
| কর পরবর্তী নীট মুনাফা/(ক্ষতি) | ১৮,৬০৩,০৫৫ | ৩৮,১২৯,৫২৫ | ২৫,৫৪৫,৬৭৫ | ২১,৩৩৮,৯৭২ | ১৯,৫২২,৬৯২ |

**লভ্যাংশ ঘোষনা :**

পরিচালনা পর্ষদ কোম্পানীর অর্জনের সাথে সঙ্গতি রেখে এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের প্রয়োজনের কথা বিবেচনা করে ১০ টাকা মূল্যমানের প্রতিটি সাধারণ শেয়ারের জন্য ০৩% হারে স্টক (বোনাস শেয়ার) লভ্যাংশ ঘোষণার জন্য সুপারিশ করেছেন।

**পরিচালক নির্বাচন :**

কোম্পানীর পরিচালক জনাব এস,এ,বি,এম, হুমায়ুন এবং পরিচালক জনাব এস,এ,কে,এম, সেলিম সংঘবিধির ১১০ ধারা অনুযায়ী অবসর গ্রহন করেছেন। পরিচালকবৃন্দ স্বপদে পুন:নির্বাচিত হওয়ার যোগ্য বিধায় পুনরায় নিয়োগ লাভের ইচ্ছা পোষণ করেছেন।
উপরে বর্ণিত পরিচালকবৃন্দের সংপ্তি জীবনবৃত্তান্ত ও তথ্যাদি বিএসইসির নোটিফিকেশন অনুযায়ী নিম্নে বিবৃত হল :

**জনাব এস,এ,বি,এম, হুমায়ুন :**

জনাব এস,এ,বি,এম, হুমায়ুন বি,এসসি, ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) ডিগ্রি প্রাপ্ত এবং বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত একজন দক্ষ প্রকৌশলী হিসাবে সুপরিচিত। তিনি ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ এর আজীবন ফেলো। তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এবং সায়হাম জুট মিলস্ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক পদে অধিষ্ঠিত আছেন। তিনি শিল্প পরিকল্পনা, স্থাপনা ও পরিচালনা এবং ব্যবসা ও মার্কেটিং ক্ষেত্রে ব্যাপক জ্ঞানের অধিকারী। তিনি শিল্প খাতে বিভিন্ন প্রকল্প পরিকল্পনা, বাস্তবায়ন ও কার্যক্রমে ৩৫ বছরের অভিজ্ঞতায় নিজেকে সমৃদ্ধ করেছেন। তিনি ১৯৮২ সাল থেকে সায়হাম গ্রুপের বিভিন্ন শিল্প কারখানার স্থাপনার সাথে জড়িত এবং ঐ গ্রুপের বিভিন্ন প্রজেক্ট বাস্তবায়নের গুরুত্বপূর্ণ দায়িত্বসমূহ পালন করে আসছেন। তিনি এলাকার বিভিন্ন স্কুল, কলেজ ও বিভিন্ন জনকল্যানমূলক কাজের সাথে সম্পৃক্ত আছেন।

**জনাব এস,এ,কে,এম, সেলিম :**

জনাব এস,এ,কে,এম, সেলিম ইউ,কে থেকে কস্ট একাউন্টিং ডিগ্রি অর্জন করেন। তিনি সফকো স্পিনিং মিলস্ লিঃ এর চেয়ারম্যান পদে অধিষ্ঠিত আছেন। তিনি শিল্প ও ব্যবসা খাত সম্পর্কে ব্যাপক জ্ঞানের অধিকারী। তিনি ইউ,কে, এবং ইউ,এস,এ উভয় দেশ থেকে ব্যাপক ব্যবসায়িক জ্ঞান অর্জন করেছেন। তিনি বিভিন্ন সমাজকল্যানমূলক প্রতিষ্ঠান ও জনকল্যান কাজে জড়িত আছেন।

**বোর্ড সভা :**

২০১৫-২০১৬ইং সনে সর্বমোট ১২(বার) টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়।

**২০১৫-২০১৬ইং সনে অনুষ্ঠিত বোর্ড সভা এবং পরিচালকবৃন্দের উপস্থিতির তালিকা নিম্নরুপ:**

| ক্রমিক নং | পরিচালকের নাম | পদবী | অনুষ্ঠিত বোর্ড সভা | উপস্থিতি |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এস, কে, এম, সেলিম | চেয়ারম্যান | ১২ | ১১ |
| ০২ | জনাব এস, এ, বি, এম, হুমায়ুন | ব্যবস্থাপনা পরিচালক | ১২ | ১২ |
| ০৩ | জনাব সৈয়দ সাকেব আহমেদ | পরিচালক | ১২ | ১২ |
| ০৪ | জনাবা সৈয়দা মোমেনা বেগম | পরিচালক | ১২ | ১১ |
| ০৫ | জনাব সৈয়দ নাসির উদ্দিন হায়দার | স্বতন্ত্র পরিচালক (ডিসেম্বর ২০১৫ইং পর্যন্ত) | ০৮ | ০৬ |
| | জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলী | স্বতন্ত্র পরিচালক | ০৪ | ০৪ |

**শেয়ারহোল্ডিং সংক্রান্ত বিবরণ :**

| নাম অনুসারে বিবরণ | শেয়ার সংখ্যা |
|---|---|
| ক) প্যারেন্ট/সাবসিডিয়ারী/এসোসিয়েটেড কোম্পানী এবং অন্যান্য সম্পর্কিত পার্টি সমূহ : | - |
| খ) পরিচালকবৃন্দ: | |
| জনাব এস,এ,বি,এম, হুমায়ুন - ব্যবস্থাপনা পরিচালক | ২১,৯৯,৩৭০ |
| জনাব এস,এ,কে,এম, সেলিম - পরিচালক | ২৫,৮৬,০৩৯ |
| জনাব সৈয়দ সাকেব আহমেদ - পরিচালক | ৭,৯৭,৪৩৫ |
| জনাবা সৈয়দা মোমেনা বেগম - পরিচালক | ৫,৮৯,৮৮৪ |
| গ) প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানী সচিব ও অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান : | - |
| ঘ) নির্বাহীবৃন্দ : | - |
| ঙ) কোম্পানীতে ১০(দশ) শতাংশ অথবা তার চেয়ে বেশী ভোটের অধিকারী শেয়ারহোল্ডারবৃন্দ : | - |

**অডিট কমিটি ঃ**

কোম্পানীর পরিচালনা পর্ষদের একটি উপ কমিটি হিসাবে পুনঃগঠিত অডিট কমিটির বিবরণ নিম্নরুপ ঃ

জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলী - স্বতন্ত্র পরিচালক : চেয়ারম্যান
জনাব সৈয়দ সাকেব আহমেদ - পরিচালক : সদস্য
জনাবা সৈয়দা মোমেনা বেগম - পরিচালক : সদস্য

**অডিট কমিটির প্রতিবেদন ঃ**

অডিট কমিটি বছরব্যপী স্বীয় অডিট কার্যক্রমে কোনরুপ উদ্বেগ বা অনিয়মের সন্ধান পান নাই মর্মে পরিচালনা পর্ষদের নিকট প্রতিবেদন পেশ করেছেন। অডিট কমিটির রিপোর্ট অত্র প্রতিবেদনের এনেক্সার II এ সংযুক্ত করা হয়েছে।

**নিরীক্ষক নিয়োগ ঃ**

কোম্পানীর বর্তমান নিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস অত্র সভায় নির্দিষ্ট মেয়াদ উত্তির্ণ করেছেন। ঢাকা স্টক এক্সচেঞ্জ (লিস্টিং) রেগুলেশন, ২০১৫ইং অনুযায়ী মেসার্স মালেক সিদ্দিকী ওয়ালী, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস্ কোম্পানীর নিরীক্ষক হিসেবে ২০১৬-২০১৭ইং অর্থ বছরে জন্য নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করেছেন।

**স্বতন্ত্র পরিচালক নিয়োগ ঃ**

কোম্প্যানীর স্বতন্ত্র পরিচালক জনাব সৈয়দ নাসির উদ্দীন হায়দার গত ০৩ ডিসেম্বর, ২০১৫ইং নির্দিষ্ট মেয়াদ উত্তীর্ণ করেছেন। পরিচালনা পর্ষদ ১০ ডিসেম্বর ২০১৫ইং তারিখে অনুষ্ঠিত সভায় জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলীকে বিএসইসির রেগুলেশন অনুযায়ী পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছেন যা জানুয়ারি ০১, ২০১৬ইং থেকে কার্যকর করা হয় এবং যা অত্র বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারবৃন্দের অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।

**স্বতন্ত্র পরিচালক জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলী এর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও তথ্যাদি নিম্নে বিবৃত হল :**

জনাব মোহাম্মদ মোফাচ্ছেল আলী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ (ব্যবস্থাপনা) ডিগ্রী অর্জন করেন। তিনি বর্তমানে সফকো স্পিনিং মিল্স লি: এ স্বতন্ত্র পরিচালক পদে অধিষ্ঠিত আছেন। এ ছাড়া তিনি কোম্পানীর অডিট কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্বরত আছেন। তিনি বিভিন্ন খাতে দীর্ঘ ১৪ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন একজন ব্যবসায়িক নেতা হিসাবে পরিচিত। তিনি রপ্তানীমুখী তৈরী পোশাক বায়িং হাউজ প্রতিষ্ঠান ডিজাইন এস লি: এবং ১০০% রপ্তানীমুখী নিটওয়্যার ম্যানুফেকচারার প্রতিষ্ঠান ডাল নিটওয়্যার লি: এর পরিচালক পদে আছেন। তিনি আর্থিক, নিয়ন্ত্রক এবং কর্পোরেট বিধি সমূহ পরিপালন করতে সমর্থ এবং ব্যবসায় অর্থপূর্ণ অবদান রাখতে পারেন।

**কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স প্রতিবেদন ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন অনুযায়ী ৬ নং ধারা অনুসারে সিইও এবং সিএফও কর্তৃক প্রত্যায়ন পত্র, ৭(১) ধারা অনুসারে প্রফেশনাল একাউন্ট্যান্ট কর্তৃক প্রত্যায়ন পত্র এবং ৭(২) ধারা অনুসারে কর্পোরেট গভর্নেন্স প্রতিপালন প্রতিবেদন যথাক্রমে সংযুক্তি I, III এবং IV এর মধ্যে বর্ণনা/ প্রকাশ করা হলো।

**ব্যবস্থাপনা শ্রমিক সম্পর্ক ঃ**

সফকো স্পিনিং মিলস লিঃ কর্তৃপক্ষ সর্বদা কোম্পানীর শ্রমিক ও কর্মচারীদের কল্যাণের দিকে লক্ষ্য রেখে আসছে। শ্রমিক ও কর্মচারীদের সুস্বাস্থ্যের ও কল্যাণমূলক কাজে কোম্পানী সবসময়ই গুরুত্বারোপ করে থাকে। প্রশিক্ষণের মাধ্যমে উন্নত ও দক্ষ শ্রমিক গড়ে তোলার দিকে কর্তৃপক্ষ যথেষ্ঠ মনোযোগী। বর্তমান অবস্থায় জীবনযাপন ব্যয়বহুল হওয়ায় কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকগণ যাতে সুষ্ঠভাবে জীবিকা নির্বাহ করতে পারে সেদিকে বিবেচনা করে চলতি আর্থিক বৎসরে বেতন ভাতাদি পর্যাপ্ত পরিমাণে বৃদ্ধি করা হয়েছে। এ ছাড়া কোম্পানীর শ্রমিক কর্মচারীদের সন্তানদের লেখাপড়ার ব্যাপারে ক্ষেত্র বিশেষে কোম্পানী আর্থিক সহায়তা দান অব্যাহত রেখেছে। শ্রমিক, কর্মচারীদের বিনোদনের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিভিন্ন বিনোদনমুলক অনুষ্ঠানের ব্যবস্থা করে আসছে। মিলে বর্তমানে ব্যবস্থাপনা ও শ্রমিকদের মাঝে অত্যন্ত সুসম্পর্ক বিদ্যমান।

**সামাজিক কার্যক্রম ঃ**

সফকো স্পিনিং মিলস লি: কর্তৃপক্ষ সামাজিক দায়িত্ব হিসাবে স্থানীয় আর্থ সামাজিক উন্নয়নের দিকে সর্বদা লক্ষ্য রেখে আসছে। এলাকার জনগণের বিভিন্ন কল্যাণমূলক কাজে মিল কর্তৃপক্ষ প্রয়োজন মত আর্থিক সহযোগিতা দান করে থাকে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক অনুদান এবং ছাত্র বৃত্তি সহ বিভিন্ন সমাজকল্যাণমূলক কাজে কোম্পানী বিশেষ সহযোগীতা করে আসছে। স্থানীয় জনগণের বিভিন্ন সামাজিক অনুষ্ঠান, খেলাধুলা ও বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠানেও কোম্পানী সহযোগীতা করে আসছে।

**উপসংহার ঃ**

পরিচালকমন্ডলী কোম্পানীর সার্বিক কর্মকান্ডে বিভিন্নভাবে সাহায্য ও সহযোগিতার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানসমূহ যথা- এনআরবি ব্যাংক লি:, জনতা ব্যাংক লি:, ঢাকা ব্যাংক লি:, ইসলামী ব্যাংক সহ বিভিন্ন ব্যাংক সমূহ সরকারী ও বেসরকারী দপ্তর সমূহ বিশেষ করে জাতীয় রাজস্ব বোর্ড, বিনিয়োগ বোর্ড, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেমস লি:, বিভিন্ন ইন্স্যুরেন্স কোম্পানী যথা- গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লি: সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছেন। আরও ধন্যবাদ জানাচ্ছেন কোম্পানীর সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দকে যাদের অকান্ত পরিশ্রম ও নিষ্ঠার জন্য বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির মোকাবেলা করেও কোম্পানী তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

পরিশেষে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের অব্যাহত সমর্থন, মূল্যবান পরামর্শ প্রদান ও সহযোগীতার জন্য পরিচালনা পর্ষদ তাদেরকে আন্তরিক শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। পরমকরুণাময় আল্লাহ্তায়ালার কাছে আগামী বছরগুলোতে কোম্পানীর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে উপস্থাপিত প্রতিবেদন সমাপ্ত করা হলো। আল্লাহ্ হাফেজ।

তারিখ :
ঢাকা, ২৭ অক্টোবর, ২০১৬ইং

পরিচালকমন্ডলীর পক্ষে
**এস, এ, বি, এম, হুমায়ুন**
ব্যবস্থাপনা পরিচালক